



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

তারিখ: ০৭/০২/২০২১

প্রেস বিজ্ঞপ্তি

করোনা ভাইরাসের টিকা নিলেন পাবিপ্রবি'র উপাচার্য

(০৭/০২/২০২১): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও বিশিষ্ট বিজ্ঞানী অধ্যাপক ড. এম রোস্তুম আলী আজ রবিবার সকালে পাবনা জেনারেল হাসপাতালে করোনা ভাইরাসের টিকা নেন। পাবনা জেনারেল হাসপাতাল চত্বরে পাবনা-৫ আসনের সংসদ সদস্য গোলাম ফারুক খ্রিস্ট নিজে করোনা ভাইরাসের টিকা নিয়ে এই কার্যক্রমের উদ্বোধন করেন।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথম ব্যক্তি হিসেবে অধ্যাপক ড. এম রোস্তুম আলী করোনা ভাইরাসের টিকা নেন। টিকা নেওয়ার উপর গুরুত্বারোপ করে উপাচার্য বলেন, বাংলাদেশ সরকার করোনা ভাইরাস প্রতিরোধের ব্যাপারে শুরু থেকেই কাজ করে আসছে। সরকার করোনা ভাইরাসের টিকা নেওয়ার ক্ষেত্রে যে সুযোগ দিয়েছে সে সুযোগটা প্রত্যেক নাগরিকের গ্রহণ করা উচিত।

এছাড়া পাবনা জেলা পরিষদের চেয়ারম্যান রেজাউল রহিম লাল, জেলা প্রশাসক কবীর মাহমুদ, পুলিশ সুপার মহিবুল ইসলাম টিকা গ্রহণ করেন। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. প্রীতম কুমার দাস, সহকারী প্রক্টর মোঃ ফারুক আহম্মেদ এবং উপাচার্যের একান্ত সচিব মোঃ মনিরুজ্জামান।

বার্তা প্রেরক-

মোঃ বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।